যুগান্তর

তারিখ AUG 07 2002
পৃষ্ঠা ৩ কলাম ৮

# ঢাবির সাবেক উপাচার্যের বিরুদ্ধে নারী নির্যাতনের মামলা করুন

## —সামাদ আজাদ

যুগান্তর রিপোর্ট

আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি আবদুস সামাদ আজাদ বলেছেন, পদত্যাগ করলেই চলবে না। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্যকে গ্রেফতার করে নারী নির্যাতন আইনে মামলা করে তার বিচার করতে হবে।

তিনি গতকাল বিকালে ২৩ বঙ্গবন্ধু

উপাচার্য : পৃষ্ঠা : ১৩ কলাম : ৬

## উপাচার্য : সামাদ আজাদ

(৩য় পৃষ্ঠার পর)

এভিনিউর আওয়ামী লীগ কার্যালয়ে জাতীয় শ্রমিক লীগ আয়োজিত শ্রমিক-কর্মচারী সমাবেশে বক্তৃতাকালে এ দাবি করেন। আদমজী জুট মিল বন্ধসহ জাতীয় শোক দিবসে সরকারি ছুটি বাতিল, শ্রমিক-কর্মচারীদের বদলি-চাকরিচ্যুতি, ট্রেড ইউনিয়নের অধিকার হরণের চেষ্টা এবং দ্রব্য মূল্য বৃদ্ধির প্রতিবাদে আয়োজিত এই সমাবেশ শেষে বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহীদ নূর হোসেন স্কোয়ার, জিপিও হয়ে গুলিস্তানের বঙ্গবন্ধু স্কোয়ার ঘুরে কেন্দ্রীয় কার্যালয়ের দিকে যেতে চাইলে পুলিশ মওলানা ভাসানী হকি স্টেডিয়ামের পশ্চিম পাশে বাধা দেয়। কিন্তু নেতাকর্মীদের প্রতিরোধের মুখে পুলিশের চেষ্টা শেষতক ব্যর্থ হয়।

শ্রমিক লীগ সভাপতি আবদুস সালাম খানের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য আমির হোসেন আমু, আবদুল জলিল এমপি, আবদুল মান্নান, মুকুল বোস, আহসান উল্লাহ মাস্টার এমপি, ড. মির্জা আবদুল জলিল প্রমুখ বক্তৃতা করেন।

আবদুস সামাদ আজাদ বিকল্প ব্যবস্থা না করে আদমজী জুট মিল বন্ধের নিন্দা করে বলেন, যারা শ্রমিক-কৃষককে বঞ্চিত করেছে তাদের বিচার একদিন করা হবেই। তিনি ষড়যন্ত্র মোকাবেলায় সতর্ক থাকার পাশাপাশি আগামী ১৮ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে পল্টন ময়দানের জনসভা সফল করার জন্য নেতা-কর্মী-সমর্থকদের প্রতি আহ্বান জানান।